গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
অপারেশন ও সমন্বয় শাখা

## বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের ডিসেম্বর/২০২১ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মঈনউদ্দিন আহম্মেদ<br>মহাপরিচালক (চলতি দায়িত্ব) |
| সভার তারিখ | ২৬ ডিসেম্বর, ২০২১ |
| সভার সময় | দুপুর ২:০০ টা |
| স্থান | সভাকক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। অতঃপর পরিচালক (অপারেশন ও সমন্বয়) কে কার্যসূচি অনুযায়ী আলোচনা শুরুর অনুরোধ করেন।

সভার আলোচ্য সূচি:

(১) বিগত ২৫-১১-২০২১ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ।

(২) বিগত ২৫-১১-২০২১ তারিখের সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও নতুন বিষয়াদির পর্যালোচনা।

মহাপরিচালক পূর্ববর্তী সভার কার্যবিবরণী নিয়ে কোন সদস্যের দ্বিমত না থাকায় কার্যবিবরণী নিশ্চিত করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে পরিচালক (অপারেশন ও সমন্বয়) বিগত মাসের সমন্বয় সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন এবং উপস্থিত কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন। আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা |
|---|---|---|---|
| | **ভূবিজ্ঞান সংক্রান্ত** | | |
| ১। | ২০২১-২০২২ অর্থবছরের বহিরঙ্গন সম্পর্কিত আলোচনায় পরিকল্পনা ও বাস্তবায়ন শাখার শাখাপ্রধান জনাব মোহাম্মদ আবদুল আজিজ পাটোয়ারী, পরিচালক (ভূতত্ত্ব) বলেন উপকূলীয় ও সামুদ্রিক ভূতত্ত্ব শাখাএবং ভূ-বৈদ্যুতিক ও ভূ-কম্পন জরিপ শাখা হতে একটি করে মোট দুটি দল বর্তমানে বহিরঙ্গনে অবস্থান করছে। তিনি উল্লেখ করেন যে, ভূতাত্ত্বিক ও ভূপ্রাকৃতিক মানচিত্রায়ন অংশে এখনও দীর্ঘমেয়াদী কয়েকটি বহিরংগন কার্যক্রম বাকী রয়েছে। গাড়ী ও অর্থের যোগান হলে অবশিষ্ট বহিরংগন দলগুলোকে দ্রুততার সংগে বহিরংগনে প্রেরণ করা প্রয়োজন মর্মে তিনি সভাকে অবহিত করেন। পরিচালক (অপারেশন ও সমন্বয়) বলেন জিএসবিতে বর্তমানে ড্রাইভার স্বল্পতা রয়েছে।ড্রাইভার স্বল্পতা নিরসনে ড্রাইভার নিয়োগের লক্ষ্যে ইতোমধ্যে লিখিত পরীক্ষা সম্পন্ন করা হয়েছে, ব্যবহারিক পরীক্ষা চলমান রয়েছে। নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হলে অবশিষ্ট অন্যান্য বহিরংগন দলকে বহিরংগনে পাঠানোর ব্যবস্থা গ্রহণ করা হবে। | পরিকল্পনা মোতাবেক ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক বহিরঙ্গন কর্মসূচি সম্পাদন করতে হবে। | পরিকল্পনা ও বাস্তবায়ন শাখাসহ সকল শাখা |

| | | | |
|---|---|---|---|
| ২। | ২০২১-২০২২ অর্থবছরের এপিএ সংক্রান্ত আলোচনায় জনাব মোহাম্মদ আবদুল আজিজ পাটোয়ারী, পরিচালক (ভূতত্ত্ব) বলেন,ভূতাত্ত্বিক ও ভূপ্রাকৃতিক মানচিত্রায়ন অংশের অগ্রগতি এখনও আশানুরূপ নয় বলে পূর্বেই উল্লেখ করা হয়েছে।২০২১-২০২২ অর্থবছরের এপিএতে মোট ২০ টিসেমিনার আয়োজনের পরিকল্পনা রয়েছে। বহিরঙ্গান পূর্ববর্তী ও বহিরঙ্গান পরবর্তী উপস্থাপনা হিসেব করলে জিএসবি খুব সহজেই এ লক্ষ্যমাত্রা পূরণ করতে পারে। বহিরঙ্গাণ দলগুলোর মধ্যে বহিরঙ্গান পূর্ববর্তী উপস্থাপনা না করেই বহিরঙ্গাণ কাজে অংশগ্রহণের একই প্রবণতা লক্ষ্য করা যাচ্ছে। নভেম্বর ২০২১ পর্যন্তমাত্র ৫টি উপস্থাপনা সম্পন্ন হয়েছে, অবশিষ্ট ১৫ টি উপস্থাপনা আগামী ৫/৬ মাসে সম্পন্ন করতে হবে। মহাপরিচালকপ্রি/পোস্ট ফিল্ড উপস্থাপনার উপর গুরত্বারোপ করে এ বিষয়ে স্ব-স্ব শাখা প্রধানগণকে উদ্যোগ গ্রহণের প্রয়োজনীয়তার কথা বলেন। জনাব আবদুল বাকী খান মজলিশ, উপ-মহাপরিচালক (ভূতত্ত্ব) বলেন যে, মজিববর্ষে জিএসবি'র ৫০ বছর পূর্তি উপলক্ষে আয়োজিত জাতীয় সেমিনারে প্রাপ্ত অ্যাবস্ট্রেক ভলিউম হতে নির্বাচিত বিষয় নিয়ে সেমিনার আয়োজন করা যেতে পারে।প্রস্তাবনা সমর্থন করে জনাব মোহাম্মদ আবদুল আজিজ পাটোয়ারী বলেন যে, এর ফলে জিএসবিতে ভূবৈজ্ঞানিক কর্মকর্তাগণের মতে মতবিনিময় সহজ হবে এবং কর্মকর্তাগণের মধ্যে উপস্থাপনার অভ্যস্ততা তৈরী হবে। জনাব আরিফ মাহমুদ, পরিচালক (ভূতত্ত্ব) বলেন যে, নির্বচিত সেমিনারের তালিকা সরবরাহ করা হলে প্রকাশনা ও প্রশিক্ষণ শাখা হতে সেমিনার আয়োজনের ব্যবস্থা গ্রহণ করা হবে। | ক) এপিএ লক্ষমাত্রা অর্জনে এপিএ টিমসহ সংশ্লিষ্ট সকল কমিটিকে সমন্বিতভাবে কাজ করতে হবে। | এপিএ টিম |
| ৩। | ভূ-বৈজ্ঞানিক শাখাগুলোর প্রতিবেদন জমাদান সংক্রান্ত আলোচনায় জনাব মঈনউদ্দিন আহম্মেদ, মহাপরিচালক (চলতি দায়িত্ব) পূর্ববর্তী সমন্বয় সভার ন্যায় প্রত্যেক শাখাপ্রধান কে আলাদা আলাদা ভাবে অনিষ্পন্ন বহিরংগন প্রতিবেদনের বিষয়ে জিজ্ঞেস করেন। অধিকাংশ শাখা প্রধানগণ বলেন অনিষ্পন্ন প্রতিবেদনগুলোর কাজ প্রায় শেষের দিকে এবং অচীরেই সেগুলোর কাজ সম্পন্ন করে জমা প্রদান করা হবে। | সকল শাখার অনিষ্পন্ন প্রতিবেদনের কাজ অতি দ্রুত শেষ করে প্রতিবেদন জমা দিতে হবে। | ক) সকল শাখা |
| | **প্রশাসনিক আলোচনা** | | |
| ১। | জিএসবির ঢাকার মিরপুরের জমির রেজিস্ট্রেশনের অগ্রগতি সম্পর্কে জনাব কামরুল আহসান, পরিচালক (অপারেশন ও সমন্বয়) জানান, জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষের মাধ্যমে অর্থের প্রমাণপত্র সংগ্রহের জন্য সংশ্লিষ্ট অফিসগুলোতে প্রেরিত চিঠির বিষয়ে সর্বশেষ অবস্থা জানার জন্য সহকারী পরিচালক (র ও নি) জনাব ছোহরাব হেসেনকে দায়িত্ব প্রদান করা হয়েছে। তিনি এ বিষয়ে খোঁজ-খবর নিচ্ছেন। অর্থ জমাদানের প্রমাণপত্র পাওয়া গেলে পরবর্তীতে রেজিষ্ট্রেশনের কাজ শুরু করা হবে।জনাব মঈনউদ্দিন আহম্মেদ, মহাপরিচালক (চলতি দায়িত্ব) বলেন, অর্থ প্রদানের প্রমাণপত্র সংগ্রহ না হওয়া পর্যন্ত এ বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরের সাথে নিয়মিত যোগাযোগ রাখতে হবে। এছাড়া তিনি জিওলজিক্যাল হেরিটেজ হিসাবে ঘোষিত সিলেট জেলার গোয়াইন ঘাটের জমি সংক্রান্ত সর্বশেষ অবস্থা জানার জন্য জেলা প্রশাসন, সিলেট ও বর্ণিত এলাকা সরেজমিন পরিদর্শনপূর্বক তথ্য-উপাত্ত সংগ্রহের কথা বলেন। | ক) জিএসবির ঢাকার মিরপুর, চট্টগ্রাম ও জিওলজিক্যাল হেরিটেজ হিসাবে ঘোষিত সিলেট জেলার গোয়াইন ঘাটের জমির রেজিস্ট্রেশনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অপারেশন ও সমন্বয় এবং জিওলজিক্যাল হেরিটেজ সংশ্লিষ্ট কমিটি |
| ২। | কর্মকর্তা/কর্মচারীদের নিয়োগ সংক্রান্ত বিষয়ে জনাব মো: কামরুল আহসান, পরিচালক (অপারেশন ও সমন্বয়) বলেন, অফিস সহায়ক এবং নিরাপত্তা প্রহরী পদের লিখিত পরীক্ষা পরবর্তীতে মৌখিক পরীক্ষা সম্পন্ন করা হয়েছে। ড্রাইভার পদের মৌখিক পরীক্ষা চলমান রয়েছে। এছাড়া তিনি আরো বলেন নিয়োগ প্রক্রিয়ার জন্য মন্ত্রণালয়ে চাহিত ৬৩ টি পদের মধ্যে ৬০ পদে নিয়োগের অনুমোদন পাওয়া গিয়েছে। তিনি আরও বলেন কর্মকর্তাদের নিয়োগের বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনে নিয়মিত যো্গাযোগ রাখা হচ্ছে। | ক) চলমান নিয়োগ প্রক্রিয়া অতি দ্রুত সম্পন্ন করা।<br>খ) কর্মচারীদের সকল পদে যাতে নিয়োগ প্রদান করা যায় তার ব্যবস্থা গ্রহণ করা। | অপারেশন ও সমন্বয় |

| বিবিধ আলোচনা | | | |
|---|---|---|---|
| ১। | জনাব আরিফ মাহমুদ, পরিচালক (ভূতত্ত্ব) সভাকে অবহিত করেন যে, বৈদেশিক প্রশিক্ষণের জন্য জিওলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়া (জিএসআই) এবং চায়না জিওলজিক্যাল সার্ভে (সিজিএস) সাথে প্রশিক্ষণের শিডিউল/মডুলের জন্য যোগাযোগ করা হচ্ছে। জনাব আলী আকবর, পরিচালক (ভূতত্ত্ব)জিএসআই-এর সাথে এমওইউ সংক্রান্ত আলোচনা সভার কথা উল্লেখ করে কলেন যে, জিএসআই-এর প্রশিক্ষণ সংক্রান্ত পূর্ণাঙ্গ ক্যালেন্ডার রয়েছে এবং জিএসবি'র জন্য চাহিদানুযায়ী প্রশিক্ষণ আয়োজনের কথাও সে সভায় উল্লেখ করা হয়েছিল। জনাব সৈয়দ নজরুল ইসলাম, পরিচালক (ভূতত্ত্ব) প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে জিএসবি'র পরিকল্পনা অনুযায়ী কাস্টমইজড প্রশিক্ষণ আয়োজনের উপর গুরত্বারোপ করার অনুরোথ জানান। মহাপরিচালক এ বিষয়ে গৃহীত উদ্যোগ অব্যাহত রাখার জন্য বলেন। | জিএসবির চাহদানুযাযী প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহন করতে হবে। | প্রকাশনা ও প্রশিক্ষণ শাখা। |
| ২। | জনাব সালমা আক্তার, পরিচালক (ভূতত্ত্ব) ও জনাব সৈয়দ নজরুল ইসলাম, পরিচালক (ভূতত্ত্ব) ভবিষ্যৎ প্রকল্প বিষয়ে জার্মানী হতে আগত অ্যাপরাইজাল মিশনের অগ্রগতি বিষয়ে সভায় আলোচনাউত্থাপন করেন। এ বিষয়ে জনাব আশরাফুল কামাল, পরিচালক (ভূতত্ত্ব) সভাকে অবহিত করেন যে, নভেম্বর ২৮ হতে ডিম্বের ৬ সময়ে জার্মানী হতে একটি অ্যাপরাইজাল টিম বাংলাদেশে অবস্থান করে বিভিন্ন স্টেকহোল্ডারগণের সাথে আলোচনা করেন এবং ভবিষতে জিএসবি'র সাথে কাজ করার আগ্রহ ব্যক্ত করে। এ বিষয়ে জিএসবি'র সাথে বিজিআর-এর একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় কর্মকর্তাগন জার্মানী ও বাংলাদেশ হতে সরাসরি উপস্থিতির পাশাপাশি অনলাইনে অংশগ্রহণ করেন। পরবর্তীতে ইএমআরডি-জিএসবি-অ্যাপরাইজাল টিম পুনরায় একটি সভা করে। মন্ত্রণালয় প্রকল্পের বিষয়ে বিশেষ আগ্রহ প্রকাশ করে। কারণ অনুদানের অর্থে পরিচালিত এ ধরনের প্রকল্পের মাধ্যমে জিএসবি'র কার্যক্রম প্রচার্ প্রচারণার সুযোগ থাকে। অ্যাপরাইজাল টিম এর সাথে একটি এগ্রিড মাইনুটস স্বাক্ষরিত হয়েছে। জনাব আলী আকবর, পরিচালক (ভূতত্ত্ব) এবং জনাব সৈয়দ নজরুল ইসলাম, পরিচালক (ভূতত্ত্ব)এ ধরনের প্রকল্পের বিষয়ে জিএসবিতে বিস্তারিত আলোচনার প্রয়োনীয়তার উপর গুরুত্বারোপ করেন। জনাব আলী আকবর, পরিচালক (ভূতত্ত্ব)-কে সভাপতি করে টিএপিপি প্রণয়ণের জন্য জনাব আবদুল বাকী খান মজলিশ, উপ-মহাপরিচালক (ভূতত্ত্ব) প্রস্তাব করেন এবং জনাব আলী আকবর, পরিচালক (ভূতত্ত্ব) এতে সম্মতি প্রদান করেন। | জরুরী ভিত্তিতে টিএপিপি প্রণয়নের জন্য জনাব মোঃ আলী আকবর, পরিচালক (ভূতত্ত্ব)-কে সভাপতি করে কমিটি গঠন | |

মঈনউদ্দিন আহম্মেদ
মহাপরিচালক (চলতি দায়িত্ব)

স্মারক নম্বর: ২৮.০৫.০০০০.০০০.০৬.০০৪.১৮.৬০

তারিখ: ১৫ পৌষ ১৪২৮
৩০ ডিসেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুত, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২) উপ-মহাপরিচালক (ভূতত্ত্ব), উপ-মহাপরিচালক এর দপ্তর (বিভাগ-১), বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।

৩) উপ-মহাপরিচালক (ভূতত্ত্ব), উপ-মহাপরিচালক এর দপ্তর (বিভাগ-২), বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।

৪) জিএসবি'র শাখা প্রধানগণ।

৫) উপ-পরিচালক (ভূতত্ত্ব), অর্থনৈতিক ভূতত্ত্ব ও রিসোর্স এ্যাসেসমেন্ট শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।

৬) সহকারী পরিচালক (ভূতত্ত্ব), উপকূলীয় ও সামুদ্রিক ভূতত্ত্ব শাখা ও ফোকাল পয়েন্ট, আইসিটি ও ওয়েব টিম, জিএসবির ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।

৭) উচ্চমান সহকারী, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।

মোঃ কামরুল আহসান
পরিচালক (ভূতত্ত্ব)